

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার লেভেল-০৩  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০৬১.১৮- ৩০৬

তারিখ: ১৮.০৭.২০১৯খ্রি.

বিষয়: কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলাধীন পূর্ব বালাকান্দি দাখিল মাদ্রাসার অফিস সহকারী জনাব মো: আবু মুসা মিয়া (ইনডেক্স নং-২০০৬৫৬৭) এর বকেয়া বেতন-ভাতা সংক্রান্ত আবেদন নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।

সূত্র: (১)পূর্ব বালাকান্দি দাখিল মাদ্রাসার আবেদন

তারিখ: ০৬.০৫.২০১৮খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত (১) নং পত্রে কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলাধীন পূর্ব বালাকান্দি দাখিল মাদ্রাসার অফিস সহকারী জনাব মো: আবু মুসা মিয়া (ইনডেক্স নং-২০০৬৫৬৭) সাময়িক বরখাস্ত থাকাকালীন ১০.০৪.২০১৭ থেকে ৩০.০৬.২০১৭ খ্রি: তারিখ পর্যন্ত বকেয়া বেতন ভাতার সরকারী অংশের টাকা প্রাপ্তির জন্য আবেদন করেছেন।

০২. আবেদনটি পর্যালোচনা করে দেখা যায় যে, গত ২৪.০৫.২০১৭ খ্রি: তারিখে অফিস সহকারী জনাব মো: আবু মুসা মিয়াকে সাময়িক বরখাস্ত করা হয়। পরবর্তীতে ৩১.১২.২০১৭ খ্রি: তারিখের সভায় অফিস সহকারী জনাব মো: আবু মুসা মিয়ার সাময়িক বরখাস্ত প্রত্যাহার করা হয়।

০৩. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৪) অনুচ্ছেদে উল্লেখ আছে “প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ও ব্যবস্থাপনা কমিটির মধ্যকার অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলার কারণে বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসাবে তা এম.পি.ও খাত থেকে উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়-দায়িত্ব বহন করবে।”

০৪. উপরিউক্ত আবেদনটি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৪) অনুচ্ছেদ এর নির্দেশনার অন্তর্ভুক্ত বিধায় মহোদয়ের আবেদনটি সেমতে নিষ্পত্তিযোগ্য।

০৫. এমতাবস্থায়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৪) অনুচ্ছেদ অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সুপার, পূর্ব বালাকান্দি দাখিল মাদ্রাসা-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মো: আবদুল মুকীত)

সহকারী পরিচালক (অর্থ)

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ই-মেইল: [adfinance.dme@gmail.com](mailto:adfinance.dme@gmail.com)

সুপার,

পূর্ব বালাকান্দি দাখিল মাদ্রাসা।

ডাক: ফরকেরহাট, উপজেলা: রাজারহাট, জেলা: কুড়িগ্রাম।

অনুলিপি:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিঙ্ক রোড ঢাকা।

২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, রংপুর অঞ্চল।

৩। জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।

৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম।

৫। সভাপতি, পূর্ব বালাকান্দি দাখিল মাদ্রাসা, ডাক: ফরকেরহাট, উপজেলা: রাজারহাট, জেলা: কুড়িগ্রাম।

৬। অফিস কপি।